সে আমাদের অনুসরণ করে চলে এসেছে। তুমি চাইলে তাকে প্রবেশের অনুমতি দিবে, অন্যথায় সে ফিরে যাবে।

আবূ মাসউদ আল-বাদরীরাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: এক লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে খাবারের জন্যে দাওয়াত দিল। যেখানে তিনি পাঁচ
জনের একজন ছিলেন। এক লোক তাদের অনুসরণ করে বিনা দাওয়াতে তাদের সাথে চলল। সে যখন
দরজা পর্যন্ত পৌঁছল তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “সে আমাদের অনুসরণ করেছে। এখন যদি চাও তাকে অনুমতি দাও, অন্যথায় সে ফিরে যাবে।” সে বলল ইয়া রাসূলাল্লাহ! আমি তাকে অনুমতি দেব। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে খাবারের দাওয়াত দিল। তারা পাঁচজন ছিলেন। তাদের অনুসরণ করল ষষ্ঠ ব্যক্তি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মেজবানের ঘর পর্যন্ত গিয়ে মেজবানের নিকট ষষ্ঠ ব্যক্তির জন্যে অনুমতি চাইলেন। তিনি তাকে বললেন: সে আমাদের অনুসরণ করেছে। এখন যদি চাও তাকে অনুমতি দাও, অন্যথায় সে ফিরে যাবে। মেজবান তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মানার্থে তাকে অনুমতি দিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4294